

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
অপারেশন ও সমন্বয়শাখা
www.gsb.gov.bd

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের জানুয়ারি/২০২১ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	: ড. মহঃ শের আলী মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
তারিখ	: ২৫ জানুয়ারি, ২০২১
সময়	: সকাল ১০:০০ ঘটিকা
স্থান	: সভাকক্ষ
উপস্থিত সদস্য	: পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর সভাপতি পরিচালক (অপারেশন ও সমন্বয়) কে কার্যসূচি অনুযায়ী আলোচনা শুরুর অনুরোধ করেন।

সভার আলোচ্য সূচিসমূহ:

- (১) বিগত ২২-১২-২০২০ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃষ্টীকরণ।
- (২) বিগত ২২-১২-২০২০ তারিখের সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও নতুন বিষয়াদির পর্যালোচনা।

মহাপরিচালক পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিয়ে কোন মনস্ক্যের দ্বিমত না থাকায় কার্যবিবরণী নিশ্চিত করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অপারেশন ও সমন্বয়) বিগত মাসের সমন্বয় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন এবং উপস্থিত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী শাখা
ভূবিজ্ঞান সংক্রান্ত			
১।	অধিদপ্তরের কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে সকল শাখা হতে ডিপিপি প্রণয়ন এবং সমন্বিত কিছু ডিপিপি প্রণয়নের লক্ষ্যে পূর্ববর্তী সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্প যাচাই-বাছাই ও পরীক্ষা সংক্রান্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটি তাদের TOR অনুযায়ী কাজ করবে এবং পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা সংশ্লিষ্ট কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।	ক) কমিটি তাদের TOR অনুযায়ী কাজ করবে।	প্রকল্প যাচাই-বাছাই ও পরীক্ষা সংক্রান্ত কমিটি
২।	বিগত ৫ বছরের অসম্পন্ন প্রতিবেদন জমা দেয়ার বিষয়ে প্রকাশনা ও প্রশিক্ষণ শাখার শাখা প্রধান জনাব আরিফ মাহমুদ, পরিচালক (ভূতত্ত্ব) জানান, বিগত তিন (০৩) মাসে সর্বমোট ত্রিশ (৩০) টি প্রতিবেদন জমা হয়েছে এবং অবশিষ্ট প্রতিবেদন গবেষণা ফলাফল প্রাপ্তি সাপেক্ষে খুব শীঘ্রই জমা দেয়া হবে। মহাপরিচালক জানান জিএসবি এই সব কাজগুলো নিয়ে একটি পদর্শনীর ব্যবস্থা করতে ইচ্ছুক। আগামি ২৬ মার্চ স্বাধীনতা দিবস উৎযাপন উপলক্ষ্যে এ পদর্শনীর ব্যবস্থা করা যেতে পারে। এ প্রেক্ষিতে জনাব মোঃ আলী আকবর, পরিচালক (ভূতত্ত্ব) জানান, নিঃসন্দেহে এটা খুবই ভালো এবং সময় উপযোগী একটি উদ্যোগ হবে। পাশাপাশি তিনি প্রস্তাব করেন, যেহেতু দেশের ৫০ বছর পূর্তি পাশাপাশি জিএসবি'রও ৫০ বছর পূর্তি তাই জিএসবি'র ৫০ বছর পূর্তি উপলক্ষ্যেও এ ধরনের উৎযাপন হলে সকল ভূবিজ্ঞানিরা অধিক উৎসাহী হবেন। মহাপরিচালক উল্লেখ করেন, জিএসবি'র ৫০ বছর পূর্তি আরো বৃহৎ পরিসরে উৎযাপন করার ব্যবস্থা করা হবে এবং এ উপলক্ষ্যে জিএসবি থেকে একটি ভূ-বৈজ্ঞানিক প্রকাশনার ব্যবস্থাও করা যেতে পারে।	ক) আগামি ২৬ মার্চ স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী পালন উপলক্ষ্যে কর্মসূচি প্রণয়ন কমিটি- ভূতত্ত্ব ডিসিপ্লিন: জনাব আব্দুল বাকী খান মজলিশ, পরিচালক (ভূতত্ত্ব)- সভাপতি, জনাব মোঃ আলী আকবর, পরিচালক (ভূতত্ত্ব)- সদস্য, জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব)- সদস্য, জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব)- সদস্য, জনাব আরিফ মাহমুদ, পরিচালক (ভূতত্ত্ব)- সদস্য ও জনাব আবু সাঈদ মোহাম্মদ ফয়সাল, উপ-পরিচালক (ভূতত্ত্ব)- সদস্য সচিব, ভূপদার্থ ডিসিপ্লিন: জনাব সুলতানা নাসরিন নুরী, উপ-পরিচালক (ভূ-	পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী শাখা
		পদার্থ) - সদস্য। খ) জিএসবি'র ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে একটি উৎযাপন/প্রতুতি কমিটি গঠন করতে হবে।	
৩।	২০২০-২১ অর্থবছরের বহিরজ্ঞান কর্মসূচি সংক্রান্ত আলোচনাকালে পরিকল্পনা ও বাস্তবায়ন শাখার শাখা প্রধান জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী পরিচালক (ভূতত্ত্ব) জানান, বর্তমানে উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা এবং দূর অনুধাবন এবং জিআইএস শাখা হতে ২টি দল বহিরজ্ঞানে অবস্থান করছে। এছাড়াও ভূতাত্ত্বিক মানচিত্রায়ন এবং কোয়াটারনারি ভূতত্ত্ব শাখা হতে বহিরজ্ঞানে যাবার প্রতুতি নেয়া হচ্ছে।	ক) পরিকল্পনা অনুযায়ী বহিরজ্ঞান কর্মসূচি সম্পন্ন করতে হবে।	সকল শাখা
৪।	বরিশাল, খুলনা, সাতক্ষীরা ও ফরিদপুর শহর এলাকায় চলমান Geo-information for Urban Planning and Adaptation to Climate Change, Bangladesh (GeoUPAC) প্রকল্প সংক্রান্ত আলোচনার পূর্বে প্রকল্প পরিচালক জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব) তার অনুস্থতাকালীন সময়ে খেঁজ খবর নেয়ার জন্য মহাপরিচালকসহ দপ্তরের অন্যান্য সকলের প্রতি কৃতজ্ঞতা জানান। তিনি আরো উল্লেখ করেন যে, বর্তমানে প্রকল্পের আওতায় খুলনা এলাকায় বহিরজ্ঞান কর্মসূচি চলছে। কর্মসূচির পাশাপাশি খুলনা বিশ্ববিদ্যালয়ের মুক্তিকা বিজ্ঞান ও নগর পরিকল্পনা বিভাগের শিক্ষার্থীদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও জিএসবি'র মহাপরিচালক, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, সিটি করপোরেশনের মেয়রসহ অন্যান্য গুরুত্বপূর্ণ ব্যক্তির সমন্বয়ে খুলনায় ১টি সেমিনারের প্রতুতি চলছে। মহাপরিচালক প্রকল্পের সংশোধিত টিএপিপি জমা দেয়ার বিষয়ে জানতে চান। জিএসবি'র জন্য ১টি ভূখচিত্র তৈরির বিষয়ে সভায় আলোচনা করা হয় এবং মহাপরিচালক GeoUPAC প্রকল্প হতে প্রয়োজনীয় সহায়তার পরামর্শ প্রদান করেন।	ক) প্রকল্পের অধীনে জিএসবি'র মহাপরিচালক, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, সিটি করপোরেশনের মেয়রসহ অন্যান্য গুরুত্বপূর্ণ ব্যক্তির সমন্বয়ে খুলনায় ১টি সেমিনার করা হবে। খ) জিএসবি'র জন্য ১টি তথ্যচিত্র তৈরি করা হবে এবং GeoUPAC প্রকল্প হতে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হবে।	GeoUPAC প্রকল্প
প্রশাসনিক আলোচনা			
১।	জিএসবিতে মুজিব কর্নার স্থাপন কাজের অগ্রগতি সম্পর্কে মুজিব কর্নার স্থাপনের উপ-কমিটির সভাপতি জনাব আরিফ মাহমুদ, পরিচালক (ভূতত্ত্ব) মহাপরিচালককে জানান, মুজিব কর্নারের প্রস্তাবিত নকশা নিয়ে ইতোপূর্বে কমিটি সভা করেছে। এখন প্রস্তাবিত নকশার ত্রি-মাত্রিক উপস্থাপনা নিয়ে কাজ চলছে। জিএসবি'র সীমানা প্রাচীর সজ্জিতকরণের বিষয়ে জনাব মোঃ আলী আকবর, পরিচালক (ভূতত্ত্ব) জানান, জিএসবি'র এপিএ ও শুদ্ধাচারের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক সচেতনতামূলক প্রচারনা তৈরীর লক্ষ্যে জিএসবি'র সীমানা প্রাচীর সজ্জিতকরণের চিন্তা করা হয়েছিল। কিন্তু পরবর্তীতে পরিকল্পনায় পরিবর্তন আসার কারণে বর্তমানে জিএসবি কর্তৃক আবিষ্কৃত বিভিন্ন খনিজ সম্পদ, এদের সুষ্ঠু ব্যবহার এবং অপচয় রোধ ইত্যাদি বিষয়ে স্লোগান তৈরি করে প্রচারের ব্যবস্থা করা হবে।	ক) পরিকল্পনা অনুযায়ী মুজিব কর্নার স্থাপনের কাজ সম্পন্ন করতে হবে। খ) এপিএ ও শুদ্ধাচারের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে জিএসবি কর্তৃক আবিষ্কৃত বিভিন্ন খনিজ সম্পদ, এদের সুষ্ঠু ব্যবহার এবং অপচয় রোধ ইত্যাদি বিষয়ে স্লোগান তৈরি করে প্রচারের ব্যবস্থা করা হবে।	সংশ্লিষ্ট কমিটি ও উপ-কমিটি
২।	এপিএর ৫০ জন ঘন্টা প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদানের বিষয়ে প্রকাশনা ও প্রশিক্ষণ শাখার শাখা প্রধান জনাব আরিফ মাহমুদ, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, গত ১ মাসে অভ্যন্তরীণ প্রশিক্ষণের আওতায় বিয়াম ফাউন্ডেশনের মাধ্যমে ৬০ জন কর্মকর্তা/ কর্মচারির সঞ্জীবনী প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। এছাড়াও, কিছু প্রশিক্ষণের প্রস্তাবনা মহাপরিচালক বরাবর পেশ করা হয়েছে। কারিগরি প্রশিক্ষণের বিষয়ে কোন শাখা থেকে প্রস্তাব পাওয়া যায়নি। শাখা সংশ্লিষ্ট কারিগরি প্রশিক্ষণের প্রস্তাব পাওয়া গেলে সেসব প্রশিক্ষণ নিয়ে কাজ করা যাবে। মহাপরিচালক কারিগরি প্রশিক্ষণের আওতায় গবেষণা পদ্ধতি নিয়ে প্রশিক্ষণ আয়োজনের দিক নির্দেশনা প্রদান করেন।	ক) প্রতি মাসে অন্তত ২/৩ টি প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। খ) কারিগরি প্রশিক্ষণের আওতায় গবেষণা পদ্ধতি (Research methodology) নিয়ে প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে।	প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা
৩।	জিএসবি'র ডে-কেয়ারের বিষয়ে ডে-কেয়ার কমিটির সভাপতি জনাব নাসিমা বেগম, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, ডে-কেয়ারের জন্য কি কি করা হয়েছে এবং	ক) পরিকল্পনা অনুযায়ী ডে-কেয়ারের সকল কাজ সম্পন্ন করতে হবে।	ডে-কেয়ার কমিটি

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী শাখা
	বর্তমানে ডে-কেয়ারটিকে চলমান রাখতে আরো যে সকল জিনিসের প্রয়োজন তার ১টি তালিকা ইতোমধ্যেই করা হয়েছে। বাচ্চাদের দেখাশোনা করার জন্য একজন পেশাদার প্রশিক্ষণপ্রাপ্ত আয়া/পরিচর্যাকারী নিয়োগ ও প্রয়োজনীয় সকল কাজের প্রাক্কলন মহাপরিচালকের কাছে অতি দ্রুত পেশ করা হবে। এছাড়াও আফিসে ১টি বিজ্ঞপ্তির মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদেরকে ডে-কেয়ারে বাচ্চা রাখার বিষয়টি অবহিত করা হয়েছে।		

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।



২২/০২/২০২১

(ড. মহঃ শের আলী)


মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

নং-২৮.০৫.০০০০.০০৪.০১.০৪৪.১৮/ ৪৫৭

তারিখ: ২২.০২.২০২১ খ্রি।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রয়োজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য প্রেরণ করা হল:-

- ১। সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সভাপতি, আইসিটি ও ওয়েব টিম (জিএসবি'র ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ), জিএসবি, ঢাকা।
- ৩। শাখা প্রধান/প্রকল্প পরিচালক/সেল প্রধান -----জিএসবি, ঢাকা।
- ৪। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, জিএসবি, ঢাকা।



(মঈনউদ্দিন আহম্মেদ)

পরিচালক (অপারেশন ও সমন্বয়)